



ISO 9001:2015 Certified
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

“আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি”


নিম্নের বর্ণনা অনুযায়ী পবিস তহবিলের আওতায় আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত সেবা ক্রয়ের লক্ষ্যে শর্তসাপেক্ষে আগ্রহী অভিজ্ঞ প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও ক্যাটাগরী	মাসিক সেবা মূল্য (জনপ্রতি)	পদের সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা	দরপত্র দিলে মূল্য (টাকা)	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)
১	নিরাপত্তা প্রহরী (ক্যাটাগরী-৫)	১৬১৩০.০০	০৩ টি	১৮ -৩০ বছর	এসএসসি পাশ	১০০০.০০	৫০,০০০.০০

শর্তাবলী:

- আগামী ১৭/০৯/২০২০ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে ফেনী পবিস সদর দপ্তর, মহিপাল, ফেনী ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকায় সংরক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন।
- পিপিআর-২০০৮ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে সিডিউলে বর্ণিত ছক অনুসরণ পূর্বক সিলমোহরকৃত খামে দর প্রস্তাব দাখিল করতে হবে। প্রস্তাবের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধ ও কমপক্ষে ০৩ (তিন) বছরের সেবাকর্মী সরবরাহের অভিজ্ঞতার সনদ জমা দিতে হবে।
- দরপত্রে উল্লিখিত সার্ভিস কমিশনের হার ৫% এর কম হবেনা। বিধি মোতাবেক ভ্যাট ও আইটি কর্তন করে অবশিষ্ট সার্ভিস কমিশন নির্বাচিত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে প্রদান করা হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্র সিডিউল এর মূল্য হিসেবে নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর অনুকূলে জমা দিয়ে দরপত্র দলিল সংগ্রহ করতে হবে।
- দরপত্রের সাথে ফেরতযোগ্য জামানত হিসাবে “জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী” শিরোনামে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পর নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে। সেবা প্রদানকারীর নামে নিয়োগপত্র ইস্যু করা হবেনা।
- ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হবে। সেবা প্রদানকারীর সন্তোষজনক সেবা প্রদানের প্রেক্ষিতে এবং বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে।
- সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো মোটিশ প্রদান ব্যতীত যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

“শেখ হাসিনার দর্শন- সেবক হয়ে কর্ম সম্পাদন”


(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার
টেলিফোন নং- ০৩৩১-৬২২০০